## দোসর বৃষ্টি

একে কনকনে ঠান্ডা তার দোসর বৃষ্টি। মেঘলা আকাশ সরে কোথাও কোথাও রোদের দেখা মিললেও ভোরের দিকে কিংবা সন্ধ্যার পর রয়েছে কুয়াশা। বৃহস্পতিবার হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত। ফের চড়বে তাপমাত্রার পারদ




# সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : www.epaper.jagobangla.in | /DigitalJagoBangla | /jagobangladigital | /jago_bangla | www.jagobangla.in


**অস্ট্রেলিয়ান ওপেনে বাছাই প্লেয়ারকে হারিয়ে বড় চমক সুমিত নাগালের**



**কোভিডের থেকেও ২০ গুণ বেশি ভয়াবহ ডিজিস এক্স: হু**




বর্ষ - ১, সংখ্যা ২৩৫ ● ১৬ জানুয়ারি, ২০২৪ ● ১ মাঘ ১৪৩০ ● মঙ্গলবার ● ২ পাতা ● Vol. 1, Issue - 235 ● JAGO BANGLA ● TUESDAY ● 16 JANUARY, 2024 ● 2 Pages


# বাংলার বুকে ২২ জানুয়ারি মানুষের সংহতি মিছিল

### জেলায় ৩টে থেকে, কলকাতায় ৪টেয়

**প্রতিবেদন :** ২২ জানুয়ারি বাংলা জুড়ে সংহতি মিছিলের ডাক দিলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কলকাতায় তিনি নিজে মিছিলের নেতৃত্ব দেবেন। ওইদিন বিকেল ৪টায় দক্ষিণ কলকাতার হাজরা মোড় থেকে পার্ক সার্কাস ময়দান পর্যন্ত তিনি পদযাত্রা করবেন। তার আগে কালীঘাটে মায়ের মন্দিরে পুজো দেবেন নেত্রী। মঙ্গলবার নবান্নে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এই ঘোষণা করে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ২৩ ও ২৬ জানুয়ারি নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন ও সাধারণতন্ত্র দিবসের নানা অনুষ্ঠান রয়েছে। দল ও রাজ্য সরকার করবে। তাই ২২ জানুয়ারি আমি সংহতি মিছিল করব। নেত্রীর নির্দেশ, ২২ জানুয়ারি কলকাতার পাশাপাশি বাংলার সমস্ত জেলায় ও ব্লকে বেলা ৩টে থেকে সংহতি মিছিল করবে তৃণমূল কংগ্রেস। নেত্রীর কথায়, ধর্ম যার যার, উৎসব সবার। আমি কোনও পাল্টা বা প্রতিবাদ র‍্যালি করছি না। কিন্তু সর্বধর্মের মানুষকে সঙ্গে নিয়ে ওইদিন বাংলার বুকে সংহতি মিছিল করব। আমি সব ধর্মের সকলকে এই মিছিলে আহ্বান জানাচ্ছি। সাধারণ মানুষও এই মিছিলে অংশগ্রহণ করবে। তাই একে সম্প্রীতি মিছিলই বলছি। রামমন্দিরের সঙ্গে এই সম্প্রীতি মিছিলের কোনও প্রাসঙ্গিকতা নেই বলেও তিনি বুঝিয়ে দিয়েছেন। তাঁর কথায়, ২৩ জানুয়ারি নেতাজি জন্মদিবস তাই আগের দিন আমরা কলকাতায় ও রাজ্যজুড়ে সম্প্রীতি মিছিল করব। ২৫ জানুয়ারি এশিয়ান গেমস, এশিয়ান প্যারা গেমস, ন্যাশনাল গেমসের পদক জয়ীদের এবার সংবর্ধনা দেবে রাজ্য সরকার। জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদের সকলকেই আর্থিক পুরস্কার দেওয়া হবে। সবমিলিয়ে অন্তত ৩২২ জনের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে। খরচ হবে প্রায় ৭ কোটি টাকা। ২০ জানুয়ারি থেকে ১২ ফেব্রুয়ারি হবে পোলিং স্টেশন সমাধান।

### ২০ জানুয়ারি থেকে ১২ ফেব্রুয়ারি পর্যন্ত প্রতিটি পোলিং স্টেশনে সমাধান

### ২৫ জানুয়ারি পদকজয়ীদের সংবর্ধনা



■ নবান্নে সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার।

# রক্ত থাকতে ভাঙতে দেব না দক্ষিণেশ্বরের স্কাইওয়াক

**প্রতিবেদন :** দক্ষিণেশ্বরের স্কাইওয়াক ভাঙার প্রস্তাব দিয়েছিল মেট্রো কর্তৃপক্ষ। সেই প্রস্তাব উড়িয়ে রেলমন্ত্রক ও কেন্দ্রীয় সরকারকে একহাত নিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সাফ জানিয়ে দিলেন, আমার রক্ত থাকতে দক্ষিণেশ্বরের স্কাইওয়াক ভাঙতে দেব না। অনেক কষ্ট করে স্কাইওয়াক করেছি। এমনকী কোর্ট কেস পর্যন্ত হয়েছে। ওটা আমি ভাঙতে দেব না কিছুতেই।




মঙ্গলবার সাংবাদিক বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, স্কাইওয়াকের কোনও ক্ষতি করে মেট্রোর কাজ মানব না। দক্ষিণেশ্বর মেট্রোর কাজ প্রসঙ্গে সেখানকার স্কাইওয়াক নিয়ে পিডব্লুডির সেক্রেটারিকে দেওয়া চিঠিটা জোগাড় করলাম। সেখানে বলা হয়েছে দক্ষিণেশ্বরের স্কাইওয়াক ভেঙে দিতে। না হলে অ্যাকশন নেবে রেল। ধর্মস্থান নিয়ে যাঁরা বড় বড় কথা বলেন, তাঁরাই এই নির্দেশ দিয়েছেন। আমার রক্ত থাকতে আমি দক্ষিণেশ্বরের স্কাইওয়াক ভাঙতে দেব না। আমি সবাইকে বুঝিয়ে, সব ব্যবস্থা করে দক্ষিণেশ্বরের মন্দিরের যানজট দূর করার জন্য স্কাইওয়াক করেছিলাম। তাঁর সাফ কথা, প্রাণ প্রতিষ্ঠা করা আমাদের কাজ নয়। ওটা সাধু-সন্তদের কাজ। আমদের কাজ পরিকাঠামো ডেভেলপমেন্ট করা। আমি মেট্রোর কাজের জন্য বুলডোজার চালাতে দেব না দক্ষিণেশ্বরের স্কাইওয়াকের উপর। দক্ষিণেশ্বর থেকে নোয়াপাড়া মেট্রো তো আমার করা। বলতে পারেন আমি ২০০৯ সালে চলে আসার পর ১৫ বছরে কতটুকু কাজ হয়েছে। একটু করে করছে আর উদ্বোধন করে ছবি লাগাচ্ছে। যেন অসুস্থ রোগীকে একটু একটু করে চামচে করে জল দিচ্ছে।

# স্কুল-কলেজে গেরুয়া রং মানব না : মুখ্যমন্ত্রী

প্রতিবেদন : কেন্দ্রের নির্দেশ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে গেরুয়া রং ও লোগো রাজ্য মানবে না। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কেন্দ্রের এই নির্দেশিকার বিরুদ্ধে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি দিয়ে রাজ্যের সিদ্ধান্ত জানিয়ে দিয়েছেন। সম্প্রতি প্রতিটি রাজ্যকে কেন্দ্রের তরফ থেকে নির্দেশিকা পাঠানো হয়েছে, শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে গেরুয়া রং ও কেন্দ্র নির্ধারিত লোগো ব্যবহার করতে হবে। এক্ষেত্রে রাজ্যের বক্তব্য, শিক্ষাপ্রতিষ্ঠানগুলো চলে রাজ্যের টাকায়। এছাড়া বিশ্ববিদ্যালয়গুলো





স্বয়ংশাসিত। সেখানে সরকার অযথা হস্তক্ষেপ করতে পারে না। এই অবস্থায় দাঁড়িয়ে কেন্দ্রের এই নির্দেশিকা মানার অর্থ কেন্দ্রের হস্তক্ষেপ করার একটা চেষ্টা। এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে জানিয়ে দিয়েছেন, কেন্দ্রের এই সিদ্ধান্ত কোনওভাবেই মানা সম্ভব নয়। রাজ্যের কেন্দ্রীয় সরকার তাদের অফিসের রং পরিবর্তন করে গেরুয়া করে দিচ্ছে। রেলস্টেশন, মেট্রো স্টেশনে রং পরিবর্তন করে গেরুয়া করে দিচ্ছে। কোনও কিছুই মানছে না। তৃণমূল-সহ বিরোধী দলগুলো কেন্দ্রের এই আচরণে বিরুদ্ধে সবসময় ক্ষোভ প্রকাশ করে এসেছে। এবার প্রধানমন্ত্রীকে চিঠি দিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়ে দিলেন, কেন্দ্রের নির্দেশ মানা সম্ভব নয়। তবে এখনও পর্যন্ত প্রধানমন্ত্রীর দফতর থেকে এই নিয়ে কোনও উত্তর আসেনি।

# গরিবদের বিনামূল্যে রেশন দেবে রাজ্যই

**প্রতিবেদন :** কেন্দ্র নির্ভরশীলতা পুরোপুরি কাটিয়ে এবার রাজ্য সরকার নিজেরাই সম্বৎসর রাজ্যের গরিব মানুষকে রেশন দেবে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, রাজ্য এ-ব্যাপারে সবরকম প্রস্তুতি নিয়ে নিয়েছে।

একশো দিনের কাজ, আবাস যোজনার মতো প্রকল্পে দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় বরাদ্দ মিলছে না। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, এর উপরে এখন রেশন বাবদ রাজ্যের পাওনা সাত হাজার কোটি টাকাও আটকে রেখেছে কেন্দ্র। ডিসেম্বরে তিনি দিল্লিতে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে বকেয়া সংক্রান্ত আবেদন করেন। বকেয়া মেটানোর আশ্বাসও দেওয়া হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত তা পাওয়া যায়নি। এদিনের চিঠিতে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন, যে পরিমাণ বকেয়া ছিল, তার সঙ্গে যুক্ত হয়েছে রেশনের ৭০০০ কোটি টাকা। কিন্তু কোনও টাকাই দিচ্ছে না কেন্দ্র। নবান্ন সূত্রে বলা হয়েছে, রাজ্য গরিব মানুষকে নিজেদের টাকায় চাল, গম ও অন্যান্য রেশনসামগ্রী দেবে সারা বছর। কেন্দ্রের টাকার উপর ভরসা করবে না। এব্যাপারে সবরকম প্রস্তুতিও সারা হয়ে গিয়েছে।

সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

২

১৬ জানুয়ারি ২০২৪

মঙ্গলবার


## বিকেলের TOP 10

### রাজ্য

- মকরসংক্রান্তিতে ১ কোটিরও বেশি পুণ্যার্থীর সমাগম গঙ্গাসাগরে।
- মুড়িগঙ্গার চরে আটকে লঞ্চ, উদ্ধারে এনডিআরএফ।
- সাতসকালে বনগাঁয় বাইক দুর্ঘটনায় মৃত যুবতী, আহত ১।
- গজলডোবায় চলন্ত অ্যাম্বুল্যান্সে আগুন, স্থানীয়দের সাহায্য নিয়ন্ত্রণে।
- জলপাইগুড়িতে আটক ২৪০টি গবাদি পশু, বাজারদর ১ কোটি।
- নৈহাটিতে দুই সন্তানকে নিয়ে আত্মঘাতী স্কুল শিক্ষক।
- নদীর বালি চুরি করতে গিয়ে রূপনারায়ণে সলিলসমাধি যুবকের।
- ইংরেজবাজারে নৃশংসভাবে খুন টোটোচালক, তদন্তে পুলিশ।
- ভারত-নেপাল সীমান্তে ৪৮ গ্রাম মাদক-সহ গ্রেফতার ৩ পাচারকারী।
- কালিয়াচকে আগ্নেয়াস্ত্র ও কার্তুজ-সহ গ্রেফতার যুবক।

### দেশ

- ঘন কুয়াশায় ঢাকা রাজধানী, ১০০-র বেশি উড়ান দেরিতে ছাড়ছে।
- টারম্যাকে যাত্রীদের খাওয়ার বিষয়ে কেন্দ্রের নোটিশ মুম্বই বিমানবন্দর ও ইন্ডিগোকে।
- শ্রীকৃষ্ণ জন্মভূমি-শাহি ইদগাহ মামলায় সুপ্রিম ধাক্কা হিন্দুপক্ষের।
- রামমন্দির উদ্বোধন উপলক্ষে সরকারি ছুটি ঘোষণার সম্ভাবনা কেন্দ্রের।
- লোকসভা ভোটের লক্ষ্যে ৩০০ কোটি টাকা খরচ করে মোদির কাট আউট লাগানো ব্যাগ।
- অযোধ্যায় সরযূ নদীর তীরে প্রায় ১৫ কোটি টাকা ব্যয় করে জমি কিনলেন অমিতাভ বচ্চন।
- ভারতীয় সেনা প্রত্যাহারের নির্দেশের পর কোর গ্রুপের বৈঠক, ঘোরালো হচ্ছে ভারত-মালদ্বীপের কূটনৈতিক পরিস্থিতি।
- ২২ জানুয়ারি রামমন্দিরের অনুষ্ঠানে যোগ দেওয়া আমাদের পক্ষে কঠিন, জানালেন রাহুল গান্ধী।
- পান্নুনের হুমকি, সাধারণতন্ত্র দিবসের দিনই খুন হবেন পাঞ্জাবের মুখ্যমন্ত্রী।
- দিল্লির থেকে উষ্ণ কাশ্মীর। ১৪ বছরে রেকর্ড।

### বিদেশ

- ভূমিকম্পে পিছোল সমুদ্র, জাপানে জেগে উঠল ২৫০ মিটার জমি।
- তাইওয়ানে নির্বাচনের পরেই চাপ বাড়াল চিন।
- নিঃশব্দে নিজেদের এলাকা বাড়িয়ে নিল আমেরিকা।
- ভারত সীমান্তবর্তী শহর দখল করল মায়ানমারের বিদ্রোহীরা।
- শাসকদের কথা শুনলেই বন্ধ হবে মামলা: ইমরান।
- মুখ পুড়ল রাশিয়ার, প্রায় ৩ হাজার কোটির রুশ গুপ্তচর বিমান ধ্বংস করল ইউক্রেন!
- লোহিত সাগরে হাউথি হামলায় গভীরভাবে উদ্বিগ্ন ভারত, ইরান সফরে গিয়ে বার্তা জয়শঙ্করের।
- বিদেশি শিক্ষার্থী কমানোর সিদ্ধান্ত কানাডার, কেন জানেন?
- রাষ্ট্রসংঘে নিরাপত্তা পরিষদে স্থায়ী পদ, ভারতের হয়ে সওয়াল বেলজিয়ামের প্রাক্তন প্রধানমন্ত্রীর।
- এবার রাখাইনে সীমান্ত শহর দখলে নিল বিদ্রোহী গোষ্ঠী।

### খেলা

- হালান্ডকে টপকে ফিফার দ্য বেস্ট ফুটবলারের পুরস্কার মেসির।
- টি-২০ বিশ্বকাপে ওপেন করুক বিরাট কোহলি ও যশস্বী জয়সওয়াল, বলছেন রবি শাস্ত্রী।
- প্রথম ব্যাটার হিসেবে টানা পাঁচ ম্যাচে পাঁচ হাফ সেঞ্চুরির নজির সিকান্দার রাজার।
- সৌদি আরবের টেনিস ফেডারেশনের অ্যাম্বাসাডর হলেন রাফায়েল নাদাল।
- ইন্ডিয়ান ওপেন ব্যাডমিন্টনে জয় দিয়ে শুরু এইচ এস প্রণয়ের।
- আইসিসি-র ডিসেম্বর মাসের সেরা ক্রিকেটার প্যাট কামিন্স।
- বর্ণবিদ্বেষ নিয়ে সচেতনতায় ২৬ মার্চ প্রীতি ম্যাচ খেলবে ব্রাজিল ও স্পেন।
- হার্দিক ফিট হলেও শিবম দুবেকে বিশ্বকাপ দলে চান গাভাসকর।
- আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানাতে পারেন পাক পেসার হ্যারিস রউফ।
- কেউ চলে গেলে কিছু এসে যায় না, হার্দিকের গুজরাট ছাড়া প্রসঙ্গে শামি।

# বাম জমানায় সঙ্কুচিত হয়েছিল অর্থনীতি



**প্রণাম ধর**
অধ্যাপক

*(গতকালের পর)*

কেন্দ্রীয় সরকারি নীতিতে যে একনায়কতন্ত্র আমরা দেখেছি, যেখানে পঞ্চবার্ষিকী পরিকল্পনা তুলে দিয়ে বার্ষিক পরিকল্পনা গ্রহণ করা হল এবং জনসাধারণের অর্থে প্রতিনিয়ত পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে, অর্থাৎ কখনও বিমুদ্রাকরণ, কখনও যুদ্ধাস্ত্র কিনতে গিয়ে প্রাইভেট কোম্পানিকে বরাত দিয়ে অনেক বেশি টাকায় কেনা, তার পাশাপাশি ব্যাঙ্ক এবং বিমা সংস্থাগুলিকে বেসরকারীকরণ ইত্যাদির মাধ্যমে সাধারণ খেটে খাওয়া মানুষকে ক্রমশ বিপদের দিকে ঠেলে দেওয়া হচ্ছে, সেখানে পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক অর্থনীতি সুচারু রূপে প্রয়োগের ফলেই আজ আমরা পশ্চিমবঙ্গবাসী হিসাবে সাফল্যের মুখ দেখছি। স্বাধীনতার পর থেকে পশ্চিমবঙ্গ ছিল ভারতবর্ষের সর্ববৃহৎ অর্থনীতি।

**বাম জমানার অর্থনীতি**

বাম জমানায় ট্রেড ইউনিয়নগুলির অতি উগ্র আন্দোলনের ফলে রাজ্যের অর্থনৈতিক সংকোচন হয়। ১৯৯৮ সালে এই রাজ্যের দেশীয় উৎপাদনে অংশীদারিত্ব ছিল ৫ শতাংশেরও কম। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ২০১১ সালে বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ধীরে ধীরে অর্থনৈতিক সমৃদ্ধি ঘটে। অর্থমন্ত্রী অমিত মিত্রের চেষ্টায় দেশি ও বিদেশি সংস্থাগুলি ধীরে ধীরে বিনিয়োগ শুরু করে। প্রসঙ্গত বলা ভাল, দীর্ঘ ৩৪ বছরের বাম শাসনের ফল ছিল বিষময়। যেখানে ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গের শিল্প উৎপাদন ৯.৭% ছিল সেখানে ১৯৯৫-৯৬ সালে তা কমে ৪.৭ শতাংশ হয়। বিশেষত সংগঠিত শিল্পের ক্ষেত্রে কর্মসংস্থান কমে ১০.৮৪ লাখ থেকে ৭.৯৯ লাখ হয়ে যায়। মূলত ট্রেড ইউনিয়নগুলির বাড়বাড়ন্ত এবং তখনকার কর্মসংস্কৃতিই এর জন্য দায়ী। একই জিনিস আমরা দেখতে পাই বৈদেশিক বাণিজ্য ক্ষেত্রেও। ১৯৮৫-৮৬ সালে যেখানে কলকাতা বন্দরের মাধ্যমে দেশের প্রায় দশ শতাংশ আমদানি রফতানি হত সেখানে ৯৫-৯৬ সালে তা কমে মাত্র চার শতাংশ হয়ে যায়। এক্ষেত্রে আমদানি-রফতানির নিরিখে পশ্চিমবঙ্গের স্থান কর্নাটক এবং উত্তরপ্রদেশের থেকেও নিচে নেমে যায়। *(চলবে)*

# নাবালক ছেলে ও মেয়েকে খুন করে নৈহাটিতে আত্মঘাতী বাবা

**প্রতিবেদন :** মাঠের মধ্যে একটি গাছে বাবার ঝুলন্ত দেহ। ঠিক তার নিচেই মৃত নাবালক ছেলে ও মেয়ের নিথর দেহ পড়ে রয়েছে। মঙ্গলবার এমন চাঞ্চল্যকর ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়েছে উত্তর ২৪ পরগনার নৈহাটির শিবদাসপুর থানার এলাকার রামচন্দ্রপুর গ্রামে। জানা গিয়েছে, মৃত ব্যক্তির নাম জ্যোতিপ্রকাশ মণ্ডল। তিনি পেশায় একজন স্কুল শিক্ষক। মেয়ে লাজবন্তীর বয়স ৯, ছেলে জয়মাল্যর বয়স ১৩। পরিবারের সদস্যদের অনুমান, ছেলেমেয়েকে খুন করে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হয়েছেন জ্যোতিপ্রকাশ।

পরিবারের বক্তব্য, সোমবার বিকেলে জ্যোতিপ্রকাশ ছেলেমেয়েকে নিয়ে বাইরে বেরিয়েছিলেন। বাড়িতে বলেছিলেন, ঘুরতে যাচ্ছেন। জ্যোতিপ্রকাশের স্ত্রী লাবণী সে সময় বাড়িতে ছিলেন না। তাঁর ঠাকুরমা মারা যাওয়ায় স্বামীর কাছে ছেলেমেয়েদের রেখে সেখানে গিয়েছিলেন। রাত পর্যন্ত সন্তানদের নিয়ে জ্যোতিপ্রকাশ বাড়িতে না ফেরায় পরিবারের লোকজন উদ্বিগ্ন হয়ে পড়েন। এলাকায় খোঁজখবর নিতে শুরু করেন তাঁরা। কিন্তু তিনজনেরই সন্ধান মেলেনি। তাই সকাল হওয়ার অপেক্ষা করতে থাকেন। মঙ্গলবার সকালে বাড়ির লোকেরা তিনজনের মৃত্যু সংবাদ পান। পাশের বুদুরিয়া গ্রামে রামচন্দ্রপুর হাজরাতলা এলাকায় জ্যোতিপ্রকাশবাবু একটি জমি কিনেছিলেন। সেখানেই ছেলেমেয়েকে নিয়ে গিয়েছিলেন। সাতসকালে ওই জমি থেকে বাবা, ছেলে, মেয়ের দেহ দেখেন স্থানীয়রা। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছয় শিবদাসপুর থানার পুলিশ। দেহগুলি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠানো হয়। স্থানীয় ও পরিবারের লোকজনকে জিজ্ঞাসাবাদ করে। পুলিশের প্রাথমিক অনুমান, পারিবারিক অশান্তির জেরেই এমন ঘটনা ঘটেছে।

## ফিরল শ্রদ্ধা-কাণ্ডের স্মৃতি
# স্ত্রীকে টুকরো করে খালে ভাসালেন স্বামী

**প্রতিবেদন :** রাজধানীর বুকে লিভিং পার্টনারকে খুন করে ফ্রিজের মধ্যে দেহ টুকরো টুকরো করে কেটে লুকিয়ে রাখার সেই নৃশংস ঘটনায় শিউরে উঠেছিল সারা দেশ। প্রায় একই ধরনের ঘটনার সাক্ষী হল মধ্যমগ্রাম। উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে নুরউদ্দিন মণ্ডল নামে এক ব্যক্তি তার স্ত্রীকে টুকরো টুকরো করে কেটে খালের জলে ভাসিয়ে দিয়েছে বলে উঠেছে অভিযোগ। খাল থেকে মুখের কিছুটা অংশ, হাতের টুকরো উদ্ধার করে পুলিশ। উদ্ধার হয়েছে গলার নীচ থেকে পেট পর্যন্ত অংশ। প্রাথমিক তদন্তে পুলিশ জানতে পেরেছে, ওই মহিলার নাম সায়রা বানু। তাঁকে খুন করার কথা স্বীকার করেছে নুর।

# ছাত্রীকে কোপ

**প্রতিবেদন :** প্রেমের প্রস্তাবে না, রাস্তার মধ্যেই অষ্টম শ্রেণির ছাত্রীর গলায় কোপ বসাল যুবক। মঙ্গলবার দুপুরে পুরাতন মালদহের আটমাইল এলাকার ঘটনা। গোটা ঘটনাটি সিসিটিভি ক্যামেরায় ধরা পড়েছে। ছুরির আঘাতে জখম ওই কিশোরীকে মালদহ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পর থেকেই পলাতক অভিযুক্ত যুবক। তার খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। জানা গিয়েছে, পুরাতন মালদহের আট মাইল এলাকার একটি বেসরকারি স্কুলের ছাত্রী ওই কিশোরী। মঙ্গলবার স্কুল ছুটির পর সে হেঁটে বাড়ি ফিরছিল। তখনই এই হামলা। সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ।

# মুড়িগঙ্গার চরে আটকে গেল ভেসেল

**সংবাদদাতা, গঙ্গাসাগর :** গঙ্গাসাগর থেকে ফেরার পথে বিপত্তি। ৪০০ জন পুণ্যার্থী নিয়ে মুড়িগঙ্গা নদীর নতুন চরে আটকে গেল ভেসেল। বিপর্যয় মোকাবিলা বাহিনী দুটি স্পিড বোট নিয়ে উদ্ধারকার্য শুরু করেছে। ঘটনাটি ঘটেছে সোমবার মধ্যরাতে। উপকূলরক্ষী বাহিনীর তরফে জানানো হয়েছে, ভেসেলে আটকে থাকা যাত্রীদের উদ্ধার করে কাকদ্বীপের লট এইট ঘাটে পাঠানো হয়েছে। ঘন কুয়াশায় পথ হারান ভেসেল চালক। মুড়িগঙ্গার নতুন চরে যাত্রী বোঝাই একটি ভেসেল প্রায় ৫ ঘণ্টা আটকে ছিল। প্রথমে

## তৎপর প্রশাসন



১২টি স্পিড বোট নিয়ে পৌঁছয় এনডিআরএফ। হোভার ক্রাফট নিয়ে উদ্ধারকাজে নামে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী।

# দুই বাসে সংঘর্ষ

**প্রতিবেদন :** সরকারি বাসের সঙ্গে বেসরকারি বাসের মুখোমুখি সংঘর্ষে জখম হলেন দু'টি বাসের চালক-সহ বেশ কয়েকজন। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার বেলা সাড়ে ৩টে নাগাদ, বেলেঘাটা মেন রোডে। সংঘর্ষে বেসরকারি বাসটি ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। একটা দিক দুমড়ে-মুচড়ে যায়। ভেঙে যায় কাচ। স্থানীয় মানুষরাই ছুটে এসে আটকে পড়া যাত্রীদের উদ্ধার করে আহতদের হাসপাতালে নিয়ে যান। স্বাভাবিকভাবেই কিছুক্ষণের জন্য বিঘ্নিত হয় যান চলাচল। পুলিশ এসে দ্রুত স্বাভাবিক করে পরিস্থিতি। প্রাথমিক তদন্তের পরে পুলিশের ধারণা, বেপরোয়া গতির পরিণতিতেই এই দুর্ঘটনা।

# ট্রাকের ধাক্কায় মৃত্যু মায়ের, জখম বাবা

**প্রতিবেদন :** ফের বনগাঁয় পথ দুর্ঘটনার বলি। ছেলেকে স্কুলে দিয়ে স্বামীর মোটর বাইকে বাড়ি ফেরার সময় ট্রাকের ধাক্কায় মৃত্যু হল শ্রাবণী পালের। আহত স্বামী সৌমেন পাল হাসপাতালে ভর্তি। মঙ্গলবার সকাল পৌনে ৯টা নাগাদ এই মর্মান্তিক দুর্ঘটনা ঘটে ছয়ঘড়িয়ায়। পুলিশ ও পরিবার সূত্রে জানা গিয়েছে, প্রতিদিনের মতো মঙ্গলবার সকালেও বনগাঁর শিমুলতলা এলাকার বাসিন্দা সৌমেন ও শ্রাবণী তাঁদের ছেলেকে মোটর বাইকে করে স্কুলে দিতে যান। ছেলে পড়ে ছয়ঘড়িয়ার সেন্ট জোসেফ স্কুলে। ছেলেকে স্কুলে পৌঁছে দিয়ে দু'জন বাইকে বাড়ি ফিরছিলেন। যশোর রোডে পেট্রাপোলের দিক থেকে আসা একটি ট্রাক তাঁদের বাইকে ধাক্কা মারলে রাস্তায় পড়ে যান দু'জনই। শ্রাবণীকে পিষে দেয় ট্রাকটি।


সম্পাদক : সুখেন্দুশেখর রায়

● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০